

যারযারদিন

তারিখ ১৩ JUN 2007
পৃষ্ঠা ৪

৪২

এসএসসি ভকেশনাল পরীক্ষায় পাস ৫১.০৮%

যাযাদি রিপোর্ট

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে ২০০৭ সালের মার্চে অনুষ্ঠিত এসএসসি (ভকেশনাল) ফাইনাল পরীক্ষায় পাসের হার ৫১ দশমিক ০৮। গতকাল এ রেজাল্ট প্রকাশ করা হয়। এবারের এসএসসি (ভকেশনাল) পরীক্ষায় জিপিএ-৫ পেয়েছে ১৩ জন ছাত্র ও ১২ ছাত্রী।

প্রকাশিত রেজাল্ট থেকে আরো দেখা যায়, ভালো রেজাল্টের জন্য শীর্ষস্থান অর্জনকারী ১০টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে পাচটির অবস্থান

পৃষ্ঠা ৪

এসএসসি ভকেশনাল পরীক্ষায়

(প্রথম পৃষ্ঠার পর)

চট্টগ্রাম বিভাগে। এছাড়া ঢাকা বিভাগের চারটি এবং রাজশাহী বিভাগে একটি শিক্ষা প্রতিষ্ঠান শীর্ষ ১০-এ রয়েছে।

এবার এসএসসি (ভকেশনাল) পরীক্ষায় অংশ নিয়েছিল ৬৪ হাজার ৬৩৭ জন পরীক্ষার্থী। এর মধ্যে ৪৪ হাজার ১৭৮ জন ছাত্র এবং ১৯ হাজার ৬৫৯ জন ছাত্রী। ১১টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, ৬৪টি টেকনিক্যাল স্কুল ও কলেজ, ৩০টি টেকস্টাইল ভকেশনাল ইনস্টিটিউট, একটি গ্লাস অ্যান্ড সিরামিক ইনস্টিটিউট এবং ১ হাজার ২৩২টি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়সহ ১ হাজার ৩৩৮টি শিক্ষা প্রতিষ্ঠান থেকে পরীক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করে।

৩২টি ট্রেন্ডের পরীক্ষা অনুষ্ঠিত হয়। এর মধ্যে বেশি পাসের হার পাওয়া ট্রেডগুলোর মধ্যে ওয়েল্ডিং ওয়ার্কস (৭৫), আর্কিটেকচারাল ড্রাফটিং উইথ অটোকেড (৭৪ দশমিক ৭৯), সিরামিক (৭৩ দশমিক ৬৮), ডায়িং, প্রিন্টিং অ্যান্ড ফিনিশিং (৭২

দশমিক ৪৬) অন্যতম। অন্যদিকে কম পাসের হার পাওয়া ট্রেডগুলোর মধ্যে ওয়েল্ডিং অ্যান্ড ফেব্রিকেশন (৪০ দশমিক ১৫), লাইভলিট রিনিং অ্যান্ড ফার্মিং (৪১ দশমিক ৭৯), ফুট অ্যান্ড ডেজিটেবল কম্পিউটেশন (৪৩ দশমিক ১৮), উড ওয়ার্কিং (৪৩ দশমিক ৯৭) অন্যতম।

এসএসসি (ভকেশনাল) পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত ছাত্রছাত্রীরা হচ্ছে মোঃ কামরুজ্জামান, মোঃ আবদুর রব, ফারজানা ইয়াসমিন, মোঃ নাজমুল হুদা, মোঃ মোসাদ্দেক হাসান, মোঃ হাবিবুর রহমান, হাশিয়ারা খাতুন, কুমানা আকতার, মোঃ জুয়েল হোসেন, রিকুল কুমার দাস, সুমায়া খাতুন, লয় বড়াল, লুবনা ইয়াসমিন, মোঃ সোহাগ হোসেন, আয়না মোস্তফা শুভ, মোঃ আনিসুর রহমান, আজমিরা, মোঃ জুয়েল হোসেন, সিমু আকতার, মোহাম্মদ ফারজানা আকতার, মোঃ মাহমুদুল হাসান, আখি পাটোয়ারি, খাদিজা খাতুন, মোঃ হাসনাইন হোসাইন তামিম ও শারমিন সুলতানা।